যুগান্তর

তারিখ 16 JAN 20..
পৃষ্ঠা ৪ কলাম ৩

# বেসরকারি শিক্ষক-কর্মচারীদের বোনাস




সরকারি-বেসরকারি সব কর্মকর্তা ও কর্মচারী, কলকারখানার শ্রমিক, এমনকি ছোটখাটো দোকানের কর্মচারীরাও বছরের দুটি ঈদে দু'বার বোনাস পেয়ে থাকেন। কিন্তু বেসরকারি মাধ্যমিক শিক্ষক-কর্মচারীরা এ বোনাস থেকে সম্পূর্ণরূপে বঞ্চিত। অথচ বলা হয়ে থাকে- শিক্ষা জাতির মেরুদণ্ড। আর শিক্ষকরা হলেন এ মেরুদণ্ড তৈরির কারিগর। এমন গুরুত্বপূর্ণ কাজে জড়িত থাকা সত্ত্বেও বেসরকারি মাধ্যমিক শিক্ষক-কর্মচারীরা ঈদ উপলক্ষে বোনাস পান না। এটা নিতান্তই দুঃখজনক ও পরিতাপের বিষয়। বোনাস না পাওয়ার দরুন তারা ঈদ ঠিকমতো পালন করতে পারেন না। ছেলেমেয়েরা নতুন জামা-কাপড় ও উৎসব পালনের অন্যান্য প্রয়োজনীয় জিনিসের আবদার করলে তারা তা ঠিকমতো রক্ষা করতে পারেন না। তখন তাদের মন দুঃখে ভারাক্রান্ত হয়ে ওঠে। মাসিক বেতন হওয়ায় এমনিতেই তাদের সারা বছর নানারূপ দুর্দশা ও ভোগান্তির মধ্য দিয়ে দিনাতিপাত করতে হয়। এরই মধ্যে ঈদ আগমনে তাদের দুর্দশা ও ভোগান্তি আরও বহুগুণ বেড়ে যায়। এ অবস্থায় বেসরকারি মাধ্যমিক শিক্ষক-কর্মচারীরা যাতে নিজ নিজ ছেলেমেয়েদের নিয়ে বছরের দুটি ঈদ উৎসব পালন করতে পারে সে লক্ষ্যে তাদের নিয়মতান্ত্রিকভাবে আশানুরূপ বোনাস দেয়ার জন্য সংশ্লিষ্ট ঊর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে অনুরোধ করছি।

**মোহাম্মদ আবদুর রহিম**
সহকারী শিক্ষক, দক্ষিণ মির্জানগর আজমতেন্নেছা বালিকা উচ্চ বিদ্যালয়, রায়পুরা, নরসিংদী